



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লোহাগড়া, নড়াইল।



বিজ্ঞপ্তি

এতদ্বারা লোহাগড়া উপজেলার খাদ্যশস্য আমদানিকারক, পাইকারী, আড়তদার ও খুচরা ব্যবসায়ীদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসআরও নং-১১২ ও এসআরও নং-১১৩ আইন/২০১১-Control of Essential Commodities Act, 1956 (Act No. 1 of 1956) এর Section 3 এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী (Food Grain & Food Stuffs) ব্যবসার নতুন লাইসেন্স গ্রহণ, নবায়ন, ডুপ্লিকেট কপি ইস্যুর নির্দেশ প্রদানসহ উক্ত সকল শ্রেণীর ব্যবসায়ীদের নিয়ন্ত্রণাধীন খাদ্যশস্য (ধান/চাল/গম/ডাল) ও খাদ্য সামগ্রী (গমজাত দ্রব্য/চিনি/ভোজ্যতেল) মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করেছেন। উক্ত এসআরও এর মাধ্যমে লাইসেন্স ব্যতীত কোন ব্যবসায়ী ০১ (এক) মেঃটন এর অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী তার বা তাদের অধিকারে বা নিয়ন্ত্রণে রাখতে পারবেন না মর্মে নির্দেশসহ নির্ধারিত ফরমে পাক্ষিক মজুদ প্রতিবেদন দাখিলের নির্দেশনা জারি করা হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত শ্রেণীর আমদানিকারক, পাইকারী, আড়তদার ও খুচরা ব্যবসায়ীকে খাদ্য বিভাগ থেকে লাইসেন্স গ্রহণ করতঃ নির্ধারিত ফরমে পাক্ষিক প্রতিবেদন দাখিল করতে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

আরও উল্লেখ্য যে, বর্তমানে এ আইনের আওতায় লাইসেন্স ব্যতীত অবৈধভাবে ব্যবসা পরিচালনা করলে সংশ্লিষ্ট অত্যাৱশ্যক পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এর ৬(১) ও ৬(২) নং ধারা মতে ০৩ (তিন) বছরের জেল ও জরিমানাসহ মজুত পণ্য বাজেয়াপ্ত করার বিধান রয়েছে। সুতরাং এ শাস্তি ও ক্ষতি এড়াতে অবিলম্বে ০১ (এক) মেঃটন এর অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী ব্যবসায়ীগণকে লাইসেন্স গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, লোহাগড়া, নড়াইল এ যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মান্নান আলী

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

লোহাগড়া, নড়াইল।

টেলিফোনঃ ০২৪৭৭৭৭৪৩১৪

ই-মেইলঃ ucflohagara@gmail.com